সমকাল

তারিখ ... 12 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

## ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং

# ভর্তি আবেদনের সময় বাড়ল ২০ জুন পর্যন্ত

■ সমকাল প্রতিবেদক

২০১৬-১৭ শিক্ষাবর্ষে সরকারি পলিটেকনিক, ইনস্টিটিউট, বাংলাদেশ গ্লাস অ্যান্ড সিরামিক ইনস্টিটিউট, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট (কুমিল্লা), ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (বগুড়া) এবং সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজগুলোতে চার বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা ২০ জুন পর্যন্ত বাড়ানো হয়েছে।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) অশোক কুমার বিশ্বাসের সভাপতিত্বে অধিদপ্তরের সভাকক্ষে ভর্তি কমিটির সভায় গতকাল শনিবার এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সভায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. মোস্তাফিজুর রহমান, শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব সুবোধ চন্দ্র ঢালী, কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক মিজানুর রহমান (যুগ্ম সচিব), আ ন হ সালাহ্ উদ্দিন, ড. শেখ আবু রেজা, কারিগরি শিক্ষা বোর্ডের পরিচালক ও সদস্যারা উপস্থিত ছিলেন। পরিবর্তিত সময় অনুযায়ী ভর্তির ফল প্রকাশ করা হবে ২৬ জুন। মূল মেধা তালিকা থেকে ভর্তির সময়সীমা ২৭ জুন থেকে ৩০ জুন এবং অপেক্ষমাণ তালিকা থেকে ২ জুলাই থেকে ২৫ জুলাই পর্যন্ত। ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে ১৬ আগস্ট থেকে।